

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ প্রশিক্ষণ কেন্দ্র

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.২২৯.০৮.০৭০১.২২ নথির বিষয়: “District Metered Area (DMA) Management”-শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন।

নোট: ৭ নোটের বিষয়: “পিএলআই/পিএলএম/এপিএলএমদের জন্য ডিএমএ ব্যবস্থাপনা”-শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ৭.০ - তারিখঃ ১৩/৪/২৫ ১০:৩৮ পূর্বাহ্ন

বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য প্রণীত প্রশিক্ষণ পরিকল্পনায় “পিএলআই/পিএলএম/এপিএলএমদের জন্য ডিএমএ ব্যবস্থাপনা”-শীর্ষক প্রশিক্ষণ কোর্স অন্তর্ভুক্ত রয়েছে। District Metered Area (DMA) ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক ধারণা প্রদান এবং ডিএমএ রক্ষণাবেক্ষণের কাজ দক্ষতার সাথে ও সুচারুরূপে সম্পন্ন করার জন্য ঢাকা ওয়াসার ডিএমএ রক্ষণাবেক্ষণ কাজের সাথে সংশ্লিষ্ট পাইপ লাইন পরিদর্শক (পিএলআই), পাইপ লাইন মিস্ত্রি (পিএলএম) এবং সহকারী পাইপ লাইন মিস্ত্রি (এপিএলএম)দের জন্য প্রশিক্ষণ কোর্সটি বিশেষভাবে উপযোগী। প্রশিক্ষণটিতে ঢাকা ওয়াসায় কর্মরত ২৫ (পঁচিশ) জন পিএলআই/পিএলএম/এপিএলএমকে (তালিকা সংযুক্ত) অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। উক্ত কোর্সে WOP2 কর্তৃক প্রণীত Training Module অনুসরণপূর্বক কোর্স প্রোগ্রাম (সংযুক্ত) প্রণয়ন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ আগামী ২৭-২৮ এপ্রিল ২০২৫ মেয়াদে ০২ (দুই) কর্মদিবসব্যাপী ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত ২৫ (পঁচিশ) জন অংশগ্রহণকারীর মনোনয়ন অনুমোদন করা যেতে পারে। প্রস্তাবিত খসড়া তালিকায় উল্লিখিত কোন প্রশিক্ষণার্থী যৌক্তিক কারণে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে অপারগ হলে সমপর্যায়ের অন্য আগ্রহী কর্মচারীকে আমন্ত্রণ জানানো হবে। কোর্সটিতে বক্তৃতা প্রদানের জন্য WOP2 কর্তৃক পরিচালিত “ToT on DMA Management-5 Modules” এ প্রশিক্ষণপ্রাপ্ত Master Trainer দের আমন্ত্রণ জানানো হবে।

সংযুক্তিসমূহ (২):

১। PPS ListDnothi.pdf

২। ProgrammeApr25.pdf

অনুচ্ছেদ ৭.১ - তারিখঃ ১৩/৪/২৫ ১২:০৭ অপরাহ্ন

০২ (দুই) কর্মদিবসব্যাপী উক্ত প্রশিক্ষণ কোর্স সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

ক্র. নং	খাত	সম্ভাব্য ব্যয়	বিবরণ
(ক)	ব্যাগ, প্যাড ও কলম	২১,৭৫০/-	২৫ সেট ৮৭০/- টাকা হারে
(খ)	প্রশিক্ষকদের সম্মানী	১৭,০০০/-	০২ সেশন ২,৫০০/- টাকা হারে + ০৬ সেশন ২,০০০/- টাকা হারে
(গ)	প্রশিক্ষণ ভাতা	২৫,০০০/-	২৫ জন ০২ দিন প্রতিদিন ৫০০/- টাকা হারে
(ঘ)	কোর্স পরিচালকের ভাতা	৩,০০০/-	১,৫০০/- টাকা হারে ২ দিন
(ঙ)	কোর্স সমন্বয়কের ভাতা	২,৮০০/-	১,২০০/- টাকা হারে ২ দিন
(চ)	২ বেলা নাস্তা ও দুপুরের খাবার	৩৭,১২০/-	বক্তা ও সাপোর্টিং স্টাফসহ ৩২ জন ০২ দিন জনপ্রতি ৫৮০/- টাকা হারে
(ছ)	পানি	১,৮৯০/-	১৪ ডজন আধা লিটার ১৩৫ টাকা হারে)
(জ)	ডিএমএ ব্যবস্থাপনা প্রশিক্ষণ মডিউল ফটোকপি, ব্যবহারিক সামগ্রী ও বিবিধ	১২,০০০/-	(আনুমানিক লামসাম)
	সর্বমোট ব্যয়	=১,২০,১৬০/-	(টাকা এক লক্ষ বিশ হাজার একশত ষাট মাত্র)

এমতাবস্থায়, “পিএলআই/পিএলএম/এপিএলএমদের জন্য ডিএমএ ব্যবস্থাপনা”-শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ২৫ জন প্রশিক্ষার্থীর মনোনয়ন, কোর্স প্রোগ্রাম এবং কোর্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =১,২০,১৬০/- (এক লক্ষ বিশ হাজার একশত ষাট মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট টাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্সে সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

M. Allen

Frustro

शरणा

~~১৩/৪/২৫ ১:৩৯ অপরাহ্ন~~
মোঃ ফজলুর রহমান

~~ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)~~
~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~



श्रीराम

Thompson

Mullin

উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ
ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ
ও প্রশাসন) এর দপ্তর

প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি দ
প্রশিক্ষণ কেন্দ্র